গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
মূল্যায়ন সেক্টর
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

"প্রতিবেশগত ব্যবস্থাপনার মাধ্যমে সেন্টমার্টিন দ্বীপের জীববৈচিত্রের উন্নয়ন, ব্যবস্থাপনা ও সংরক্ষণ" শীর্ষক চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার টার্মস অফ রেফারেন্স (ToR):

ক) প্রকল্পের বিবরণীঃ

১। প্রকল্পের নাম : প্রতিবেশগত ব্যবস্থাপনার মাধ্যমে সেন্টমার্টিন দ্বীপের জীববৈচিত্রের উন্নয়ন, ব্যবস্থাপনা ও সংরক্ষণ।

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : পরিবেশ ও বন মন্ত্রণালয়

৩। বাস্তবায়নকারী সংস্থা : পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

৪। প্রকল্প এলাকা : উপজেলা/ পৌরসভা: সেন্টমার্টিন দ্বীপ(টেকনাফ); জেলা: কক্সবাজার; বিভাগ: চট্টগ্রাম

খ। প্রকল্পের ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)			মূল	সর্বশেষ সংশোধিত
১	মোট	:	১৫৮৪.৭৮	-
২	জিওবি	:	১৫৮৪.৭৮	-
৩	বৈদেশিক মুদ্রা	:	-	-
৪	আরপিএ	:	-	-

গ) বাস্তবায়নকালঃ

		আরম্ভের তারিখ	সমাপ্তির তারিখ
১	মূল	জুলাই, ২০১৬	জুন, ২০২০
২	সর্বশেষ সংশোধিত	-	-

ঘ) প্রকল্পের উদ্দেশ্যঃ

১. একমাত্র কোরাল দ্বীপ সেন্টমার্টিনের জীববৈচিত্র্যের উন্নয়ন

২. জীববৈচিত্র্য সংরক্ষণ কার্যক্রমে স্থানীয় জনগণের অংশগ্রহণের মাধ্যমে জনগণের আর্থ-সামাজিক অবস্থার এবং ইকো-ট্যুরিজম ব্যবস্থার উন্নয়ন

৩. সেন্টমার্টিন দ্বীপের কোরাল এবং ফ্লোরা ও ফনা বিষয়ে গবেষণা পরিচালনার মাধ্যমে উপযুক্ত সংরক্ষণ কার্যক্রম বাস্তবায়ন

৪. সেন্টমার্টিন দ্বীপের জন্য বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি গড়ে তোলা এবং সেন্টমার্টিন দ্বীপের জীববৈচিত্র্য সংরক্ষণ কার্যক্রম পরিবেশ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি এবং সংশ্লিষ্টদের সাথে প্রাপ্ত অভিজ্ঞতার বিনিময়।

ঙ) প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

১) মেরিণ পার্কের একসেসরিজ সংরক্ষণ

২) মাল্টিমিটার

৩) কাঠ নির্মিত ওয়াচ টাওয়ার

৪) ডিমারকেশন জোনিং

৫) টার্টল হেচারী এবং গ্রাউন্ড

৬) সেফটি এ্যাংকার

চ) পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ

১) প্রকল্পের সম্পূর্ণ এলাকা সমীক্ষার আওতাভূক্ত হিসেবে মূল্যায়ন করতে হবে;

২) প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন ও সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অর্থায়নসহ প্রাসংগিক তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৩) প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সরণী/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ;

৪) প্রকল্পের উদ্দেশ্যাবলী অর্জন, ফলপ্রসু করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান করা;

৫) প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে যথাযথভাবে প্রচলিত আইন ও বিধিমালা, পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর নির্দেশনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যবেক্ষণ ও পর্যোলোচনা;

৬) প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুণগত মান ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না তা যাচাই করা;

৭) প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যোলোচনা ;

৮) প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ করা এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলেকাপাত করা; বিশেষ ভাবে সেন্টমার্টিনের জীববৈচিত্র্যের উন্নয়ন, জনগণের আর্থ-সামাজিক অবস্থা, ইকো-ট্যুরিজম ব্যবস্থার উন্নয়ন এবং কোরাল এবং ফ্লোরা ও ফনা বিষয়ে গবেষণা কতটা সফল ও স্থায়ী হবে তা প্রতিবেদনে আলোচনা করা (প্রয়োজনে চিত্রসহ)।

৯) প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম টেকসই করার লক্ষ্যে মতামত প্রদান;

১০) প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও হুমকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেন্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;

১১) উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;

১২) প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি; (i) প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্য, এফজিডিও স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের ভিত্তিতে একটি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন এবং ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক অনুমোদন গ্রহণ এবং (ii) জাতীয় পর্যায়ের একটি কর্মশালা আয়োজন করে মূল্যায়ন কাজের পর্যবেক্ষণ (Finding) সমূহ অবহিত করা ও কর্মশালায় প্রাপ্ত মতামত ও সুপারিশসমূহ বিবেচনা করে উপর প্রতিবেদনটি চুড়ান্ত করা;

১৩) পরামর্শক প্রতিষ্ঠান চুক্তির তারিখ থেকে চার মাসের মধ্যে সমীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম চুড়ান্ত করবে;

১৪) পরামর্শকের সাথে আলোচনাপূর্বক ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক আরোপিত অন্যান্য সংশ্লিষ্ট দায়িত্ব পালন।

ছ) পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও নিবিড় পরিবীক্ষণ সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
২.	(ক)টীম লিডার:	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জীব বিজ্ঞান/ প্রাকৃতিক সম্পদ এ স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• মেরিণ পার্কের একসেসরিজ সংরক্ষণ, মাল্টিমিটার, কাঠ নির্মিত ওয়াচ টাওয়ার, ডিমারকেশন জোনিং, টার্টল হেচারী এবং গ্রাউন্ড, ও সেফটি এ্যাংকার এবং প্রকল্প বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণা ও কমপক্ষে ১০(দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা আবশ্যক; • টীম লিডার হিসেবে কাজ করার জন্য কমপক্ষে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষ হতে হবে এবং • পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে; • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে; এবং • সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশনা থাকতে হবে।

	(খ)আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/সমাজবিজ্ঞান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন।
	গ) পরিবেশবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিবেশ বিজ্ঞান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন।
	ঘ) ইন্জিনিয়ার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইন্জিনিয়ারিং বিষয়ে কমপক্ষে স্নাতক ডিগ্রী	• সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন।

জ) **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ**

ক্রমিক	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	সংখ্যা
১।	প্রারম্ভিক প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০) = ৪০ টি
২।	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০) = ৪০ টি
৩।	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	৭৫ কপি জাতীয় কর্মশালার জন্য
৪।	২য় খসড়া প্রতিবেদন (বাংলায় ও ইংরেজী)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	২০ কপি টেকনিক্যাল কমিটির সভার জন্য এবং ২০ কপি স্টিয়ারিং কমিটির সভার জন্য (২০+২০) = ৪০ টি
৫।	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজীতে)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে	(৪০+২০) = ৬০ টি

ঝ) **ক্রয়কারী কর্তৃক প্রদেয়ঃ**

- প্রকল্প দলিল (ডিপিপি/আরডিপিপি/পিসিআর);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য সহযোগীতা প্রদান; ইত্যাদি।